



বাংলাদেশ কম্পিউটার সমিতি
BANGLADESH COMPUTER SAMITY
The ICT Industry Association of Bangladesh

৪ অক্টোবর ২০২৩

শাখা কমিটির উপ-বিধি ২০২৩ প্রণয়ন প্রসঙ্গে

সম্মানিত সদস্যবৃন্দ

আন্তরিক প্রীতি ও শুভেচ্ছা জানাচ্ছি।

বাংলাদেশ কম্পিউটার সমিতির সংঘবিধির ১৭ এবং ২৩ ধারায় প্রদত্ত ক্ষমতা বলে সমিতির কার্যনির্বাহী কমিটি কর্তৃক বাংলাদেশ কম্পিউটার সমিতির শাখা কমিটিসমূহ পরিচালনায় অধিকতর গতিশীলতা আনয়নের উদ্দেশ্যে শাখা কমিটির উপবিধি-২০১১ এর ৩.৪ ধারা সংশোধন করে শাখা কমিটির উপ-বিধি ২০২৩ প্রণয়ন করেছে:

৩.৪ এডহক এবং শাখা কমিটির নির্বাচন: কার্যনির্বাহী পরিষদ নির্বাহী পরিষদের সভায় গৃহিত সিদ্ধান্ত অনুসারে সংঘবিধি এবং এই উপ-বিধি মোতাবেক শাখা কমিটি গঠনে উপযুক্ত কোন বিভাগীয় বা জেলা শহরে শাখা কমিটি নির্বাচিত হইবার পূর্বে উক্ত শাখার জন্য একটি এডহক কমিটি গঠন করিবে। সংশ্লিষ্ট শাখার গঠিত এডহক কমিটি শাখা কমিটির নির্বাচন অনুষ্ঠান পর্যন্ত দায়িত্ব পালন করিবে। এডহক কমিটি এবং পরবর্তীতে নির্বাচিত প্রত্যেক শাখা কমিটি উহার মেয়াদ উত্তীর্ণ হইবার কমপক্ষে ১৫ দিন পূর্বে পরবর্তী শাখা কমিটি গঠনের উদ্দেশ্যে সংঘবিধির ১৯(গ) উপধারা ব্যতীত ১৯ এর অন্যান্য সকল ধারা ও ২০ ধারা অনুযায়ী নির্বাচন সম্পূর্ণ করিবে। অর্থাৎ শাখা কমিটির নির্বাচনে সংঘবিধির ১৯(গ) উপধারা রহিত করার ফলে শাখা কমিটির প্রতি মেয়াদের জন্য অনুষ্ঠিত নির্বাচনে সংশ্লিষ্ট শাখার সদস্য একনাগাড়ে নির্বাচনে প্রার্থী হতে পারবেন। এই নির্বাচন পরিচালনা করিবার জন্য কার্যনির্বাহী পরিষদের অনুরূপ নির্বাচন কমিশন, আপীল বোর্ড ইত্যাদি গঠন করিতে হইবে এবং সংশ্লিষ্ট শাখার যেসব সদস্য বাংলাদেশ কম্পিউটার সমিতির কেন্দ্রীয় ভোটার তালিকায় অন্তর্ভুক্ত থাকিবেন তাহারাই কেবল শাখা কমিটির নির্বাচনে ভোটার বলিয়া বিবেচিত হইবেন।

বিসিএস কার্যনির্বাহী কমিটির সিদ্ধান্ত আজ ০৪ অক্টোবর ২০২৩, বুধবার হতে কার্যকর বলে গণ্য হবে।

ধন্যবাদান্তে,

কামরুজ্জামান ভূইয়া
মহাসচিব

Member of



ASOCIO
Reimagining the Digital Era

Bangladesh Computer Samity (BCS)

House : 33/B, Road-04, Dhanmondi R/A, Dhaka-1205, Bangladesh.
Phone : 88 02 9671342, 9671350, Fax : 88 02 9671342, 9671350, Ext-108
e-mail : samity@bcs.org.bd, Website : www.bcs.org.bd

BCS Branches

Barisal : barisal@bcs.org.bd Comilla : comilla@bcs.org.bd Jessore : jessore@bcs.org.bd
Khulna : khulna@bcs.org.bd Mymensingh : mymensingh@bcs.org.bd Rajshahi : rajshahi@bcs.org.bd
Sylhet : sylhet@bcs.org.bd Chittagong : ctg@bcs.org.bd